

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৬২/২০১৬

অভিযোগকারী : (১) জনাব বিপ্লব কর্মকার  
পিতা- সুভাষ চন্দ্র কর্মকার  
(২) জনাব শ্রীধাম কর্মকার  
পিতা-সঞ্জু কর্মকার  
গ্রাম+পোস্ট-বিপুলাসার,  
থানা-মনোহরগঞ্জ, জেলা-কুমিল্লা।

### সিদ্ধান্তপত্র (একক শুনানী)

(তারিখ : ০৪-০৫-২০১৬ ইং)

অভিযোগকারী ০৬-১২-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে, জনাব শ্রী শিবতোষ নাথ, উপসচিব (প্রশাসন) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- ক) রেজি নং ১২১১৮৪২০২৬ রোল নং ১৭৬৬০১ এর পদার্থ বিজ্ঞান বিষয়ের উত্তরপত্রের ফটোকপি।
- খ) একই প্রার্থীর পদার্থ বিজ্ঞান ব্যবহারিকে প্রাপ্ত নম্বর কত?
- গ) একই প্রার্থীর পদার্থ বিজ্ঞান বিষয়ের নৈমিত্তিক উত্তরপত্রের (OMR form) এর ফটোকপি।

২। আবেদনের প্রেক্ষিতে উপসচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা ১৯-০১-২০১৬ তারিখের পিএ/বাইসেক/তথ্য অধিকার/২০১৬/১১ নং স্মারকমূলে অভিযোগকারীকে তথ্য প্রদান করেন। প্রদত্ত তথ্যে সন্তুষ্ট হতে না পারায় অভিযোগকারী ৩১-০১-২০১৬ তারিখে চেয়ারম্যান ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পর প্রতিকার না পেয়ে তিনি ২৯-০২-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

৩। ১০-০৪-২০১৬ তারিখের সভায় অভিযোগটির গ্রহণযোগ্যতার বিষয়ে একক শুনানীর জন্য গ্রহণ করে ০৪-০৫-২০১৬ তারিখে শুনানীর দিন ধার্য করা হয় এবং অভিযোগকারীকে জবাব দাখিল ও শুনানীতে হাজির হবার জন্য সমন জারী করা হয়।

৪। শুনানীতে অভিযোগকারী জনাব শ্রীধাম কর্মকার হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন। অভিযোগে উল্লিখিত তথ্য তিনি কেন চাচ্ছেন জানতে চাইলে তিনি প্রতি উত্তরে বলেন যে, বাংলাদেশের একজন নাগরিক হিসেবে অধিকতর জানার জন্য তিনি উল্লিখিত তথ্যাদি চাচ্ছেন।

## পর্যালোচনা

অভিযোগকারীর বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, অভিযোগকারী বাংলাদেশের একজন নাগরিক হিসেবে বিষয়টি অধিকতর জানার আগ্রহ থেকে তথ্য প্রাপ্তির আবেদন এবং আপীল করেও তথ্য না পেয়ে সংক্ষুব্ধ হয়ে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন। তবে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা এর স্মারক নং পিএ/বাইসেক/তথ্য অধিকার/২০১৬/১১ তারিখঃ ১৯-০১-২০১৬ পর্যালোচনায় দেখা যায় যে, দাখিলকৃত আবেদনে রেজিস্ট্রেশন নং ও রোল নং উল্লেখ করা হলেও তা কোন্ পরীক্ষা সংক্রান্ত বা কোন্ বছরের কি পরীক্ষা সংক্রান্ত তা উল্লেখিত না থাকায় প্রার্থিত তথ্য প্রদান করা সম্ভব নয়। যেহেতু তথ্য প্রাপ্তির আবেদন সঠিক হয় নি সেহেতু মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা কর্তৃক প্রদত্ত জবাব যথাযথ বিবেচনায় অভিযোগটি গ্রহণযোগ্য নয় মর্মে কমিশনের নিকট প্রতীয়মান হয়।

## সিদ্ধান্ত।

উল্লেখিত পর্যালোচনার পরিপ্রেক্ষিতে অভিযোগটি গ্রহণযোগ্য নয় বিধায় অভিযোগকারীকে সঠিকভাবে তথ্য প্রাপ্তির আবেদন করার পরামর্শ প্রদান করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(নেপাল চন্দ্র সরকার)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)  
প্রধান তথ্য কমিশনার